

KANDI RAJ COLLEGE

Ph. No.-03484- 255230
Kandi- 742137
Murshidabad, West Bengal
E mail:principalkrc.krc@gmail.com
www.krcedu.in



(Govt. Sponsored)

Ref.

Date 19.09.2020

তৃতীয় বর্ষের পরীক্ষার বিজ্ঞপ্তি

এতদ্বারা কান্দি রাজ কলেজের B.A., B. Sc. তৃতীয় বর্ষের পাস ও অনার্সের সমস্ত ছাত্রছাত্রীকে জানানো যাচ্ছে যে বিশ্বব্যাপী করোনা ভাইরাস এর সংক্রমণ থেকে মুক্ত থাকার জন্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে তৃতীয় বর্ষের পরীক্ষা Online পদ্ধতিতে অক্টোবর 01, 2020 থেকে শুরু হবে এবং চলবে 18 ই অক্টোবর 2020 পর্যন্ত। পরীক্ষা পদ্ধতি বা পরীক্ষার রেজাল্ট এ কেউ সন্তুষ্ট না হলে বিশ্ববিদ্যালয়কে লিখিত জানাতে হবে এবং করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে বিশ্ববিদ্যালয় তাদের জন্য অফলাইনে পরীক্ষার ব্যবস্থা করবে। পরীক্ষা শেষে যে ইমেইল আইডি বা হোয়াটসঅ্যাপে উত্তরপত্র পাঠাতে হবে তা পরবর্তী বিজ্ঞপ্তিতে বিস্তারিত জানানো হবে।

পরীক্ষা সংক্রান্ত কয়েকটি তথ্য জেনে রাখা একান্ত প্রয়োজন তা হলো -

১. প্রত্যেক ছাত্রছাত্রীর কাছে নিজের রেজিস্ট্রেশন, রোল নম্বর ও এডমিট কার্ড থাকা বাঞ্ছনীয় কারণ পরীক্ষার সময় উত্তরপত্রে তা লিখতে হবে। পরীক্ষার সূচি এডমিট কার্ড ও রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য কলেজ/ ইউনিভার্সিটি র ওয়েবসাইটে পাওয়া যাবে।
২. পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে ইউনিভার্সিটি ও কলেজের ওয়েবসাইটে কোশ্চেন পেপার/অ্যাসাইনমেন্টস দেওয়া হবে।
৩. কিছু বিশেষ ক্ষেত্রেই ছাত্রছাত্রীরা নিজে বা অনুমোদিত প্রতিনিধি মারফত পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে কলেজ থেকে প্রশ্ন পত্র সংগ্রহ করতে পারবে।
৪. A 4 সাইজ কাগজে উত্তর লিখে পরীক্ষা শেষের দু'ঘণ্টার মধ্যে তা স্ক্যান করে ইমেইল আইডি (email-id পরে জানানো হবে) তে জমা দিতে হবে।
৫. উত্তরপত্রের প্রতি পাতার উপরে নিজের রোল নম্বর, রেজিস্ট্রেশন নাম্বার ও প্রত্যেক পাতার সিরিয়াল নম্বর উল্লেখ করতে হবে।
৬. কোন কারণে অনলাইনে উত্তরপত্র আপলোড করতে অসুবিধার সম্মুখীন হলে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত সময়সীমার মধ্যে সিল করা খামে উত্তরপত্র নিজে বা অনুমোদিত প্রতিনিধি কলেজে জমা দিয়ে যেতে পারে।
৭. ছাত্র-ছাত্রীদের অবশ্যই নিজস্ব শব্দ (own words) প্রয়োগ করে উত্তরপত্র লিখতে পরামর্শ দেয়া হচ্ছে। কোনভাবেই উত্তরপত্র লেখার সময় বই থেকে হুবহু নকল করা যেন না হয়।
৮. উত্তরপত্র জমা দেয়ার সময় অবশ্যই মনে রাখতে হবে তা যেন কোনভাবেই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বেঁধে দেওয়া সময় অতিক্রম না করে। নির্ধারিত সময়ের পরে জমা দেওয়া উত্তরপত্র কোনভাবেই বৈধ বলে গ্রাহ্য হবে না।
৯. প্র্যাকটিক্যাল পরীক্ষার ক্ষেত্রে ও একই নিয়ম মেনে চলা হবে ও এ সংক্রান্ত বিস্তারিত তথ্য পরে বিজ্ঞপ্তি দ্বারা বিস্তারিত জানানো হবে।

বিশেষ দ্রষ্টব্য: বিশ্ববিদ্যালয়ের নির্দেশে উপরের উল্লেখিত কোন বিষয় পরিবর্তন হতে পারে এবং তা যথাযথ সময়ে কলেজের website এ বিজ্ঞপ্তি করা হবে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ
কান্দি রাজ কলেজ
কান্দি, মুর্শিদাবাদ

Teacher-In-Charge
Kandi Raj College
Kandi, Murshidabad